ইত্তেফাক

তারিখ . . 01. MAR. 2017 . . .
পৃষ্ঠা ··১৪·· কলাম ···2······



মতলব উত্তর (চাঁদপুর) : বাল্যবিয়ে ও মাদকবিরোধী শপথ নিচ্ছে শিক্ষার্থীরা —ইত্তেফাক

# মতলব উত্তরে মাদক ও বাল্য বিবাহ বিরোধী শপথ বাক্য

■ মতলব উত্তর (চাঁদপুর) সংবাদদাতা

নিজেরা বাল্য বিবাহের শিকার না হওয়া এবং প্রতিবেশীদের বাল্য বিবাহর হাত থেকে রক্ষা ও মাদক বিরোধী শপথ বাক্য পাঠ করেছে মতলব উত্তর উপজেলার ফতেপুর, লুধুয়া, মমরুজকান্দি ও ওটারচর উচ্চ বিদ্যালয়ের প্রায় ৫ হাজার শিক্ষার্থী। মঙ্গলবার সকাল থেকে পর্যায়ক্রমে দুপুর পর্যন্ত এ শিক্ষার্থীরা শপথ বাক্য পাঠ করে।

মতলব উত্তর উপজেলা পরিষদের চেয়ারম্যান মনজুর আহমদের উপস্থিতিতে শপথ বাক্য পাঠ করান উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মফিজুল ইসলাম। এ সময় প্রধান শিক্ষক রজব আলী, মো. জাকির হোসেন, খোরশেদ আলম, শহীদ উল্লাহ প্রধান, ফতেপুর পূর্ব ইউপির সাবেক চেয়ারম্যান গোলাম নবী বাদল, উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক শাখাওয়াত হোসেন মুকুল প্রমুখ উপস্থিত ছিলেন।